বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটি

স্মারক নং-২২৭/ক/শিম/২০১২(কলেজ)/১২৩৪ তারিখ: ০৮/০৯/২০২০

ভর্তি সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি

বিষয়: ২০২০-২০২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে ভর্তিকৃত শিক্ষার্থীদের নিকট থেকে ভর্তিকালীন একাডেমিক ট্রান্সক্রিপ্ট, প্রশংসাপত্র ইত্যাদি গ্রহণ না করা এবং ভর্তির সময়সীমা বৃদ্ধি সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষার্থী ও অভিভাবকদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ মহামারির কারণে স্বাস্থ্য বিধি অনুসরণের লক্ষ্যে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে ভর্তিকৃত শিক্ষার্থীদের নিকট থেকে একাডেমিক ট্রান্সক্রিপ্ট, প্রশংসাপত্রসহ কোন প্রকার প্রামাণ্যপত্র জমা/গ্রহণের প্রয়োজন নেই। একই কারণে পূর্ব নির্ধারিত ভর্তির সময়সীমা ১৩, ১৪ এবং ১৫ সেপ্টেম্বর ২০২০ থেকে বৃদ্ধি করে ১৭ সেপ্টেম্বর ২০২০ পর্যন্ত করা হলো।

উল্লেখ্য, কোভিড-১৯ মহামারির উন্নতি হলে সুবিধামত সময়ে সত্যায়িত একাডেমিক ট্রান্সক্রিপ্ট, প্রশংসাপত্রসহ প্রয়োজনীয় কাগজপত্র গ্রহণ/জমা প্রদান করতে বলা হলো। তবে কোটাপ্রাপ্ত শিক্ষার্থীদেরকে অবশ্যই কোটা প্রাপ্তির উপযুক্ত প্রামাণ্য সনদ দাখিল সাপেক্ষে ভর্তি হতে হবে।

০৮.০৭.২০২০

প্রফেসর মু. জিয়াউল হক
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
ও
সভাপতি, বাংলাদেশ আন্ত: শিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটি।

দৃষ্টি আকর্ষণ:

১. অধ্যক্ষ/প্রধান শিক্ষক/প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)
সকল উচ্চমাধ্যমিক বিদ্যালয় ও কলেজ
২. সংশ্লিষ্ট শিক্ষার্থী ও অভিভাবকবৃন্দ।
৩. অফিস কপি
৪. গার্ড ফাইল